



কৃষি মন্ত্রণালয়
মনিটরিং ও রিপোর্টিং শাখা
www.moa.gov.bd

বিষয় : কৃষি মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় কৃষকের জমিতে সেচের পানি বন্টন ও এর ন্যায্য মূল্য নিশ্চিতকরণে পরিপত্র জারি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কৃষি মন্ত্রণালয়ের ২০২১-২২ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় ৩.৪ এ “সরকারী ও বেসরকারী পাম্প অপারেটরদের দায়বদ্ধতা নিরূপনপূর্বক কৃষকের জমিতে সেচের পানি বন্টন ও এর ন্যায্য মূল্য নিশ্চিতকরণের” কার্যক্রম গ্রহণ করা হয়েছে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্টদের নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের নির্দেশনা দিয়ে একটি পরিপত্র জারির বিষয়ে সিদ্ধান্ত হয়েছে :

১. বিধি মোতাবেক বিএডিসি/বিএমডিএ/ উপজেলা সেচ কমিটি কর্তৃক সেচের পানির মূল্য নির্ধারণ;
২. কৃষকগণ নির্ধারিত মূল্যে পানি পাচ্ছে কিনা তা বিএডিসি/বিএমডিএ এবং উপজেলা সেচ কমিটির প্রতিনিধিদের মাধ্যমে নিয়মিত পরিবীক্ষণ এবং মন্ত্রণালয়ে মাসিক প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
৩. পাম্প হাউজে সেচের পানি সরবরাহের বিষয়ে রেজিস্টার সংরক্ষণ; এবং
৪. রেজিস্টারে সুবিধাভোগী কৃষকের তালিকা, সরবরাহকৃত পানির পরিমাণ ও গৃহীত মূল্য সম্পর্কে তথ্য সংরক্ষণ।

০২। এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে একটি পরিপত্র জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইউও নোটি জারি করা হলো।


২৬/১০/২০২১

(রুনা সাহা)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৪৯৬০৭

ই-মেইল: monitoring.reporting@yahoo.com

অতিরিক্ত সচিব

সার ব্যবস্থাপনা ও উপকরণ

কৃষি মন্ত্রণালয়।

ইউও নোট নং-১২.০০.০০০০.০৩৮.০৬.০০৯.২১-৪৪৬

তারিখ : ১০ কার্তিক ১৪২৮
২৬ অক্টোবর ২০২১

অনুলিপি (সদয় অগতির জন্য) :

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৪. যুগ্মসচিব (বাজেট ও মনিটরিং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়